



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-২৩২/৬৫৯/৬

তারিখ: ১৬.০৬.২০২০খ্রি.

বিষয়: অবহিতকরণ প্রসঙ্গে

সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/৩২২২/৭/ময়মনসিংহ-২৩২; তারিখ: ০৩.০৪.২০১৯  
২। বামাশিবো/প্রশাসন/৩২৬২/ময়মনসিংহ-২৩২/৪; তারিখ: ২৮/০৫/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন আল-কারিমুল বারী রহমানিয়া দাখিল মাদ্রাসার সুপার মাওলানা আবদুস ছোবহান (বরখাস্তকৃত) বিগত ২৮-১০-২০১৮ খ্রি. তারিখের আবেদন ও যোগদান পত্র গ্রহণ না করায় অত্র বোর্ডে আপলি আবেদন দাখিল করেছেন। আবেদনে তিনি উল্লেখ করেন যে, অর্থ আত্মসাতের অভিযোগে বিগত ২১-০১-১৯৯৫ খ্রি. তারিখে শোকজবিহীন সাময়িকভাবে বরখাস্ত করা হয়। ম্যানেজিং কমিটি কর্তৃক ০৬-১২-১৯৯৫ খ্রি. তারিখে গঠিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি ৩১-১২-১৯৯৫ খ্রি. তারিখ প্রতিবেদন দাখিল করে। প্রতিবেদনের তীকে অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করে চাকুরিতে পুনঃবহালের সুপারিশ করে। উক্ত প্রতিবেদনের আলোকে তিনি যোগদান করতে গেলে ভারপ্রাপ্ত সুপার তীকে যোগদান করতে বাধা দেয়। পরবর্তীতে অত্র বোর্ড কর্তৃক অনুমোদন পাওয়ার পর মাদ্রাসা পরিচালনা কমিটি চূড়ান্ত বরখাস্ত করে বেতন-ভাতা বন্ধ করলেও অদ্যাবধি নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্ত বরখাস্তের আদেশ জারি করা হয়নি। এছাড়াও ভারপ্রাপ্ত সুপার কর্তৃক দায়ের করা দন্ডবিধির ৪২০/৪০৬ ধারায় মামলা নয়-৬৪ (১২)০১, জিআর নং-৯৮৯/২০০১ আদালত কর্তৃক খারিজ হয় এবং তীকে অভিযোগ থেকে অব্যাহতি দেওয়া হয়। সুপার মাওলানা আবদুস ছোবহান (বরখাস্তকৃত) এর আপীল আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত ১নং স্মারকে ভারপ্রাপ্ত সুপারকে লিখিত ব্যাখ্যা দাখিলের জন্য পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সুপার অত্র বোর্ডে জবাব দাখিল করেছেন। ভারপ্রাপ্ত সুপার উল্লেখ করেন-হাইকোর্ট ডিভিশনের রায়ের বিরুদ্ধে আপীল বিভাগে আনীত রিট পিটিশন সমূহ খারিজ হওয়ায় সুপার মাওলানা আবদুস ছোবহান (বরখাস্তকৃত) এর যোগদান পত্রটি সম্পূর্ণ বেআইনি এবং তার যোগদানপত্র গ্রহণ সমীচীন নয় মর্মে জবাব প্রদান করেন। তদুপরি ন্যায় বিচারের স্বার্থে ও মানবিক কারণে সংশ্লিষ্ট সকলকে ২ নং স্মারকে ১১/০৬/২০১৯ খ্রিঃ তারিখে মুখোমুখি শুনানীর জন্য পত্র দেয়া হয়।

বোর্ড কর্তৃক উভয় পক্ষের শুনানিতে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে, জনাব মাওলানা আবদুস ছোবহান এর চাকুরী থেকে বরখাস্ত বিষয়ে মহামান্য আপীল বিভাগ কর্তৃক CP No. 1492/2012 ও CRP No. 87/2018 এ হাইকোর্ট বিভাগের রায় বহাল রাখা হয়েছে সেহেতু উক্ত বিষয়ে বোর্ডের পক্ষে কোন করণীয় নেই মর্মে এতদ্বারা তার ১২/০২/২০১৯ খ্রিঃ তারিখের আবেদন নিষ্পত্তি করা হলো

বিষয়টি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

  
১৬.০৬.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক:

জনাব মো: বোরহান উদ্দিন, এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা

রুম নং: ৪০৫২, SCBA ক্যান্টিন ভবন, ঢাকা

মোবাইল: ০১৫৫২৩৬৪৮৮৪, ০১৭১১১০৭৩১৯

  
১৬/৬/২০

নং-বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-২৩২/

তারিখ: ১৬.০৬.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;

২. অফিস কপি।

  
১৬/৬/২০২০

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪